ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র



# নিউজ সারাদিন



বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

DL- No.-03 /Date:29/02/2025 ● Prgi Application Process No. : T/WB/2024/0617/6991/1130 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/

● বর্ষ ঃ ৫ ● সংখ্যা ঃ ০৮০ ● কলকাতা ● ১০ চৈত্র, ১৪৩১ ● সোমবার ● ২৪ মার্চ ২০২৫ ● পৃষ্ঠা - ৮ ● মূল্য - ৫ টাকা

## লন্ডনে পৌঁছলেন মমতা, বিশ্রাম নেবেন হোটেলেই



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

দীর্ঘ বিমান যাত্রা শেষে লন্ডনে পৌঁছলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। আজ রবিবার (২৩ মার্চ) দুপুরে লন্ডনের হিথারো বিমানবন্দরে নামেন তিনি। বিমানবন্দর থেকে সোজা পৌঁছে গিয়েছেন সেন্ট জেমস কোর্ট হোটেলে। আজ সারা দিন হোটেলেই থাকবেন। তবে বিকেলের দিকে হোটেলের কাছে থাকা পার্কে হাঁটতে পারেন তিনি।তাঁর বিদেশ সফরের সময় রাজ্য

এরপর ৩ পৃষ্ঠায়

## দিদি'র কথা ফেলা যায়! মমতার আবদারে দুবাই বিমানবন্দরে নাচ দুই গুজরাটি তরুণীর



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

নিজের শহর হোক কিংবা বিদেশ বিভূঁই, মমতা বন্দ্যোপাধ্যায় যেন সকলের ঘরের মেয়ে, এক্কেবারে আপনজন। ভাষা, সংস্কৃতির বাধা সরিয়ে সহজেই তিনি হয়ে ওঠেন সকলের 'দিদি'। অচেনা, অজানা পরিবারের কাছেও আবদার জুড়ে বসেন। আর হাসিমুখে তাঁরাও মেনে নেন সেই আবদার। রবিবার ভোরে দুবাই থেকে লন্ডন উড়ে গিয়েছেন মমতা বন্দ্যোপাধ্যায়। ভারতীয় সময় রবিবার ভোর ৪টে ৪৮ মিনিট নাগাদ দুবাই থেকে লন্ডন রওনা হয়েছেন তিনি। ভারতীয় সময় রবিবার দুপুর নাগাদ হিথরো বিমানবন্দরে নামবে মুখ্যমন্ত্রীর বিমান। এবার ঠাসা কর্মসূচি নিয়ে সাতদিনের বিদেশ সফর মুখ্যমন্ত্রীর। প্রথমে স্থির করা হয়েছিল, ২২ মার্চ অর্থাৎ শনিবার সকালে লন্ডনের উদ্দেশে রওনা দেবেন মুখ্যমন্ত্রী। কিন্তু আগুন লেগে বিদ্যুৎ বিভ্রাটের জেরে হিথরো বিমানবন্দরের পরিষেবা পুরোপুরি স্তব্ধ হয়ে যায়

এরপর ৩ পাতায়

মৃত্যুঞ্জয় সরদারের নয়টি বইয়ের মধ্যে কলকাতার কলেজ স্ট্রিটে পাঁচটি বই পাওয়া যাচ্ছে। অন্যান্য বইগুলো সব বিক্রি হয়েছে।

কলেজ স্ট্রিটে পাওয়া যাচ্ছে বইগুলোর নাম

ঈশ্বরী কথা আর মাতৃশক্তি কলেজ স্ট্রিট কেশব চন্দ্র স্ট্রিটে, অশোক পাবলিশিং হাউসে

মনে পড়ে কলেজ স্ট্রিট দিব্যজ্ঞান প্রকাশনী হাউসে

সুন্দরবন ও সুন্দরবনবাসি বর্ণপরিচয় বিল্ডিংয়ে উজ্জ্বল সাহিত্য মন্দিরে

কলেজ স্ট্রিট সারাদিন পাবলিকেশনের পাওয়া যাচ্ছে আর্তনাদ নামের বইটি। এই বইটি অনলাইনে বুক করলে পোস্ট অফিসে বাড়ি পৌঁছে যাবে।

যোগাযোগ নম্বর ৯৫৬৪৩৮২০৩১

BHABANI CHILD INSTITUTE

Estd.: 1993

ADMISSION IS GOING ON

• Nursery class for academic year 2025 will commence from Wednesday, 4th December, 2024.

• Number of seats is limited. Parents are informed to contact the below mobile numbers for further information.

ADMISSION TIME- 9 AM TO 1 PM.

CONTACT- 9083249944, 9083249933, 9083249922

# শিরাকোলে হিন্দু ধর্ম জাগরণ সম্মেলন



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

অনেক টালবাহানার পর অবশেষে রবিবার দক্ষিণ চব্বিশ পরগণা জেলার উস্থি থানার অন্তর্গত শিরাকোল কলেজ পার্শ্ববর্তী মাঠে হিন্দু ধর্ম জাগরণ সম্মেলন অনুষ্ঠিত হয়। রাষ্ট্রীয় হিন্দু মহাসঙ্ঘ আয়োজিত এই সম্মেলনে পৌরোহিত্য করেন ভারত সেবাশ্রম সঙ্ঘ লট নং ৮-এর অধ্যক্ষ স্বামী অধ্যাত্মানন্দজী মহারাজ। প্রধান বক্তা পদ্মশ্রী স্বামী প্রদীপ্তানন্দজী মহারাজ রামায়ণ, মহাভারত ও গীতার মর্ম বাণী স্মরণ করিয়ে দেন। তিনি স্বামী বিবেকানন্দ, শ্রীচৈতন্য মহাপ্রভু, স্বামী প্রণবানন্দ প্রমুখের শিক্ষাকে পাথেয় করে বাঙালী হিন্দুদের যুগোপযোগী হওয়ার নির্দেশ দেন। ধর্ম সংস্থাপনের জন্য সাধুদের রক্ষা ও দুষ্কৃতিদের বিনাশ করার কথা বলেছেন ভগবান শ্রীকৃষ্ণ। ভিন্ন ধর্মের কিছু লোক, রাজনৈতিক নেতা ও দুষ্কৃতিরা মিলেমিশে হিন্দু ধর্মকে সরাসরি আঘাতে উদ্যত হয়েছে। তাই সাধু-সন্তরা মঠ মন্দির ছেড়ে আজ পথে নামতে বাধ্য হয়েছেন।সাধুরা রাজনীতি করেন না, কিন্তু সমাজে ন্যায় নীতি ও রাজধর্মের পক্ষে তাঁরা অবস্থান করেন। মাতৃ মণ্ডলীকে সুসন্তানের জননী হয়ে ওঠার জন্য হিন্দু ধর্ম সংস্কৃতি অনুসরণে সাধনার কথা বলেন। এই রাজ্য আজ জেহাদিদের হাতে আক্রান্ত। দেশ, জাতি ও স্বধর্ম রক্ষার জন্য যুব সমাজকে আহ্বান জানান। স্বামী বিবেকানন্দকে উদ্ধৃত করে তিনি বলেন, "তুমি মায়ের জন্য বলি প্রদত্ত।"

ফেব্রুয়ারি মাসে মাধ্যমিক পরীক্ষার পর এই সম্মেলনের প্রস্তুতি নেওয়া হলেও পুলিশ প্রশাসনের বাধায় তা সম্ভব হয়নি। এদিন সম্মেলনের অনুমতি পাওয়া গেলেও পুলিশ বেআইনি ভাবে মাইক এবং ব্যানার, পতাকা ও প্রচারে বিধি নিষেধ আরোপ করেন বলে অভিযোগ জানিয়েছেন অন্যতম উদ্যোক্তা চন্দন ঘোষ।

## ক্যান্সার সচেতনতামূলক কর্মসূচির আয়োজন

স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

**গাজিয়াবাদ, ২৩ মার্চ, ২০২৫ (এজেন্সি)।** দিল্লি সংলগ্ন গাজিয়াবাদ জেলার বসুন্ধরায় আজ একটি ক্যান্সার সচেতনতা কর্মসূচির আয়োজন করা হয়েছিল।

প্রভা রাস্তোগি ক্যান্সার রিসার্চ চ্যারিটেবল ফাউন্ডেশন আয়োজিত এই অনুষ্ঠানে অনেক চিকিৎসক এবং মানুষ অংশগ্রহণ করেছিলেন। প্রয়াত প্রভা রাস্তোগির জন্মবার্ষিকীতে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়েছিল। মানুষ তাকে শ্রদ্ধা জানালো।

এই অনুষ্ঠানে বসুন্ধরা হাসপাতালের সিএমডি এবং প্রখ্যাত মেডিসিন চিকিৎসক ডাঃ গির্জেশ রাস্তোগি এবং গাইনোকোলজিস্ট ডাঃ বিনীতা রাস্তোগি ক্যান্সার সম্পর্কে বিস্তারিত তথ্য প্রদান করেন।

ফাউন্ডেশনের প্রধান সঞ্জয় রাস্তোগি ক্যান্সার প্রতিরোধ ও সচেতনতার জন্য সংগঠনের কাজ সম্পর্কে তথ্য প্রদান করেন। এল.এস.

# হাইকোর্টের বিচারপতির নগদকাণ্ডে বড় পদক্ষেপ! সামনে আসবে 'বেহিসেবি টাকা'র উৎস?

স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন



ন্যায় বিচার পাওয়ার জন্য সাধারণ মানুষের অত্যন্ত ভরসার জায়গা আদালত। কিন্তু এবার প্রশ্নের মুখে পড়েছে দিল্লি হাইকোর্টের বিচারপতির ভূমিকা। সম্প্রতি ওই বিচারপতির বাংলো থেকেই উদ্ধার হয়েছে কোটি কোটি বেহিসাবি নগদ টাকা। বিচারপতির বাংলোয় বেহিসেবি সেই টাকা উদ্ধারের এই ঘটনায় এবার হস্তক্ষেপ করল দেশের সর্বোচ্চ আদালত ।ঘটনা প্রকাশ্যে আসতেই আলোচনায় বসে সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি খন্নার নেতৃত্বে কলেজিয়াম। ইতিমধ্যেই এই বিষয়ে দিল্লি হাই কোর্টের প্রধান বিচারপতির রিপোর্ট তলব করা হয়েছে। এবার এই ঘটনাতেই হস্তক্ষেপ করল শীর্ষ আদালত। জানা যাচ্ছে প্রধান বিচারপতির তরফে এই নগদকাণ্ডে এবার তিন সদস্যের তদন্ত কমিটি গঠন করা হয়েছে।জানা যাচ্ছে, দিল্লি হাই কোর্টের বিচারপতি যশবন্ত বর্মার বিরুদ্ধে ওঠা অভিযোগের তদন্তে হাই কোর্টের তিন বিচারপতির তদন্ত কমিটি গঠন করেছেন দেশের প্রধান বিচারপতি সঞ্জীব খান্না। গত সপ্তাহে দোলের ছুটি চলাকালীন আচমকা আগুন লেগে গিয়েছিল দিল্লি হাইকোর্টের বিচারপতি যশবন্ত বর্মার বাড়িতে। যদিও সেই সময় বাড়িতে ছিলেন না বিচারপতি নিজে।

জাস্টিস বর্মার বাড়ির লোকেদের দেওয়া খবর পেয়ে তৎক্ষণাৎ ঘটনাস্থলে ছুটে আসে দমকল বাহিনী। আগুন নেভানোর সময়েই তাঁরা বিচারপতির বাড়িতে প্রচুর নগদ টাকার হদিশ

এরপর ৪ পাতায়







(১ম পাতার পর)

# দিদি'র কথা ফেলা যায়! মমতার আবদারে দুবাই বিমানবন্দরে নাচ দুই গুজরাটি তরুণীর

শুক্রবার। তার জেরে পিছিয়ে দিতে হয় মুখ্যমন্ত্রীর বিমানের সময়ও। অবশেষে শনিবার রাত ৮টা নাগাদ কলকাতা থেকে দুবাই পাড়ি দেন মুখ্যমন্ত্রী।ঠিক যেমনটা হল দুবাই এয়ারপোর্টে।

পারিবারিক বিয়ের অনুষ্ঠানে যোগ দিতে গুজরাটের একটি পরিবার ইউরোপ যাচ্ছিল। তাঁদের সঙ্গে দুবাই এয়ারপোর্টে দেখা বাংলার মুখ্যমন্ত্রীর। কয়েক মিনিটের আলাপচারিতায় ভিনরাজ্যের পরিবারের সঙ্গে একাত্ম হয়ে গেলেন তিনি। ভাষাগত বাধা ভেসে গেল খড়কুটোর মতো। অবাঙালি বিয়ের গুরুত্বপূর্ণ অংশ মেহেন্দি। সেখানে নাচ-গান হবে সেটাই স্বাভাবিক। সে কথা শুনে গুজরাটি পরিবারটির তরুণীদের কাছে আবদার করে বসলেন মমতা। বললেন, মেহেন্দির অনুষ্ঠানের নাচ-গানের ঝলক তাঁকে দেখাতে হবে। দুই তরুণীর 'দিদি'র সেই কথা ফেলতে পারেননি। দুবাই বিমানবন্দরে ছন্দে পা মেলালেন তাঁরা। মেহেন্দির অনুষ্ঠানের নাচ দেখালেন মমতাকে।

(১ম পাতার পর)

# লন্ডনে পৌঁছলেন মমতা, বিশ্রাম নেবেন হোটেলেই

প্রশাসনের কাজকর্মে যাতে কোনও স্থবিরতা না আসে তার জন্য মন্ত্রী, সচিব এবং পুলিশ আধিকারিকদের মধ্যে দায়িত্ব ভাগ করে দিয়ে গিয়েছেন মুখ্যমন্ত্রী। গড়ে দিয়েছেন টাস্ক ফোর্স। ওই টাস্ক ফোর্সে রয়েছেন ভূমি দফতরের অতিরিক্ত মুখ্যসচিব বিবেক কুমার, অর্থসচিব প্রভাত মিশ্র, স্বরাষ্ট্রসচিব নন্দিনী চক্রবর্তী, ডিজি রাজীব কুমার এবং কলকাতার পুলিশ কমিশনার মনোজ বর্মা। তাছাড়া সমন্বয়ক হিসাবে দায়িত্ব পালন করবেন পাঁচ জন। তাঁরা হলেন পুরমন্ত্রী ফিরহাদ হাকিম, বিদ্যুৎমন্ত্রী অরূপ বিশ্বাস, দমকল মন্ত্রী সুজিত বসু, চন্দ্রিমা ভট্টাচার্য ও শশী পাঁজা। কোনও কিছু ঘটলে মুখ্যমন্ত্রীর সঙ্গে কথা বলে নিয়েই কাজ করবে এই টাস্ক ফোর্স। প্রশাসনিক কাজকর্ম সামলাতে যেমন সরকারি টাস্ক ফোর্স গড়ে দিয়েছেন মুখ্যমন্ত্রী, তেমনই তাঁর অনুপস্থিতিতে দলের দায়িত্ব কারা সামলাবেন, তা-ও জানিয়ে দিয়েছেন তৃণমূল কংগ্রেসের সুপ্রিমো। তাঁর কথায়, 'আমার অনুপস্থিতিতে দল সামলাবেন রাজ্য সভাপতি সুব্রত বক্সী এবং সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়।'প্রথমে ঠিক ছিল শনিবার সকালের বিমানে লন্ডনের উদ্দেশে রওনা হবেন মুখ্যমন্ত্রী। কিন্তু লন্ডনের হিথরো বিমানবন্দরে অগ্নিকাণ্ডের জেরে খানিকটা রদবদল ঘটে সফরসূচিতে। পিছিয়ে যায় লন্ডন যাত্রার সূচি। শনিবার রাতে দমদম বিমানবন্দর থেকে প্রথমে উড়ে গিয়েছিলেন দুবাই। সেখানে এদিন ভোরে পৌঁছন। তার পরে সোজা লন্ডনের বিমান ধরেন। ছয় দিনের সফরে ব্রিটেনে আসা মমতার এদিন কোনও কর্মসূচি নেই। তবে আগামিকাল সোমবার থেকে ঠাসা সূচি। সোমবার ভারতীয় হাইকমিশনের অনুষ্ঠানে যোগ দেবেন। ২৫ তারিখ বাণিজ্য সম্মেলনে অংশ নেবেন। ২৬ তারিখ বাংলায় বিনিয়োগ নিয়ে সরকারি স্তরে বৈঠক রয়েছে। ২৭ তারিখ অক্সফোর্ডে পড়ুয়া ও গবেষকদের সামনে তুলে ধরবেন লড়াই করে তাঁর উঠে আসার কাহিনি। তৃণমূল জমানায় বদলে যাওয়া পশ্চিমবঙ্গের গল্প। ২৮ তারিখ লন্ডন থেকে রওনা দিয়ে দেশে ফিরবেন।

# 'কে কী চেয়ারে বসবে, সেটা তো আমরা ঠিক করে দেব, আসল.', সব বলে দিলেন ত্বহা সিদ্দিকী

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

বছর ঘুরলেই রাজ্যে বিধানসভা নির্বাচন। এখন থেকেই রাজনীতির পারদ চড়ছে। ঘুঁটি সাজাতে শুরু করেছে রাজনৈতিক দলগুলি। এই পরিস্থিতিতে ফুরফুরা শরিফের পীরজাদা ত্বহা সিদ্দিকী বলছেন, কে কী চেয়ারে বসবেন, সেই সিদ্ধান্ত তাঁরা নেবেন।ত্বহা সিদ্দিকীর একের পর এক



মন্তব্যকে যে তাঁরা গুরুত্ব দিচ্ছে না, তা বুঝিয়ে দিয়েছেন রাজ্যের পরিবহণ মন্ত্রী স্নেহাশিস চক্রবর্তী। ফুরফুরার এই পীরজাদার নাম না নিয়েই তিনি বলেন, "বিজেপি, সিপিএম প্রতিদিন তৃণমূলের বিরুদ্ধে কুৎসা করছে। সেই দলগুলির সঙ্গে যারা গলা মেলাচ্ছে, তাদের মন্তব্যের উত্তর দেওয়ার কোনও প্রয়োজনীয়তা নেই। বাংলার মানুষ সব দেখছে। সব

এরপর ৫ পাতায়

# দিদি যখন লন্ডন গিয়েছেন, তখন সাংঘাতিক একটা কিছু খবর হতে চলেছে'!



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

এখন সময় নেই। আগামী দিনে কী হবে, বলতে পারছি না।' আবার সিনেমায় ফেরা নিয়ে এমনই মন্তব্য হুগলির সাংসদ রচনা বন্দ্যোপাধ্যায়ের। হুগলির সাংসদ রচনা বহুদিন সিনেমা থেকে দূরে রয়েছেন। যদিও এক সময়ে প্রসেনজিৎ ও তাঁর জুটি রীতিমতো হিট ছিল। ওড়িশার ছবিতে চুটিয়ে কাজ করেছেন।মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় লন্ডন-সফরে বেরিয়েছেন। সেই প্রসঙ্গে রচনাকে প্রশ্ন করা হলে তিনি বলেন, 'দিদি যখন গিয়েছেন, তখন সাংঘাতিক একটা কিছু খবর হতে চলেছে। ফিঙ্গারস ক্রসড। আমরা পজিটিভ জিনিসে বিশ্বাস করি।'কাজ করেছেন হিন্দি ও দক্ষিণী ছবিতেও। কিন্তু এখন?

প্রসঙ্গত, তৃণমূল সাংসদ শতাব্দী রায় অনেক দিন পরে অভিনয় জগতে ফিরেছেন। মেদিনীপুরের সাংসদ জুন মালিয়া অভিনয় করছেন। ঘাটালের সাংসদ দেব তো রীতিমতো ব্যস্ত তাঁর সিনেমা নিয়ে। কিন্তু রচনা বন্দ্যোপাধ্যায়? রচনা সাংসদ হওয়ার আগেই দীর্ঘ বিরতি নিয়েছিলেন সিনেমা থেকে। তারপর একটি জনপ্রিয় টেলিভিশন শো হোস্ট করছেন অবশ্য বহুদিনই হল। রাজনীতির বাইরে সেই কাজেই মূলত ব্যস্ত থাকেন এখন। আর সাংসদ হিসাবে ব্যস্ততা তো রয়েছেই।

আজ, রবিবার পোলবার পাউনানে এক রক্তদান শিবিরে যোগ দিতে এসে রচনা বন্দ্যোপাধ্যায়কে তাঁর আবার সিনেমায় ফেরা নিয়ে প্রশ্ন করা হলে তিনি বলেন, এখন তাঁর হাতে সময় নেই। তবে, আগামী দিনে কী হবে, সেটা তিনি এখনই বলতে পারবেন না।

## সম্পাদকীয়

### হাথরসে দুই শিশুকন্যাকে ধর্ষণ ও যৌন নির্যাতন, পুলিশি এনকাউন্টারে জখম অভিযুক্ত

হাথরসে দুই শিশুকন্যাকে ধর্ষণ ও যৌন নির্যাতনের ঘটনায় পুলিশি এনকাউন্টার। পুলিশের গুলিতে জখম মূল অভিযুক্ত। প্রায় তিন ঘণ্টার অভিযানের পর, বর্তমানে পুলিশ হেফাজতে অভিযুক্ত। স্থানীয় হাসপাতালে চিকিৎসা চলছে তাঁর।রবিবার পুলিশের কাছে খবর আসে এই যৌন নির্যাতনের ঘটনায় মূল অভিযুক্ত মুক্তার হনুমান চৌকি এলাকার শক্তিবনের কাছে লুকিয়ে রয়েছে। গোপন খবরের ভিত্তিতে অভিযানে নামে পুলিশ। গোটা এলাকা ঘিরে ফেলা হয়। এই অবস্থায় পালানোর জায়গা না পেয়ে পুলিশকে লক্ষ্য করে গুলি ছুড়তে শুরু করে অভিযুক্ত। পালটা গুলি চালায় পুলিশ। অভিযুক্তের দুই পায়ে গুলি লাগে। এরপরই গ্রেপ্তার করা হয় অভিযুক্তকে। মুক্তারের বিরুদ্ধে পকসো আইনে মামলা দায়ের করেছে পুলিশ। জানা গিয়েছে, আহত অবস্থায় বর্তমানে সাসনি কমিউনিটি হেলথ সেন্টারে ভর্তি রয়েছে অভিযুক্ত।জানা গিয়েছে, হাথরসের সাসনি থানা এলাকায় প্রতিবেশী দুই শিশুকে ধর্ষণ ও যৌন হেনস্তার অভিযোগ ওঠে মুক্তার কুরেশি নামে এক যুবকের বিরুদ্ধে।অভিযোগ, বাড়ির পাশে খেলা করার সময় তাদের চিপস খাওয়ানোর লোভ দেখিয়ে বাড়িতে নিয়ে আসে মুক্তার। এরপর এক শিশুকে ধর্ষণ ও আর এক জনকে যৌন নির্যাতন করে অভিযুক্ত। বিষয়টি জানাজানি হওয়ার পর শিশুর পরিবারের লোকজন সাসনি থানায় মুক্তারের বিরুদ্ধে অভিযোগ দায়ের করেন। ঘটনার তদন্তে তিন সদস্যের দল গঠন করে দেন হাথরসের পুলিশ সুপার চিরঞ্জীব নাথ।

# জঙ্গলের দেবী মা মনসা



**মৃত্যুঞ্জয় সরদার**
**(দ্বিতীয় পর্ব)**



নিজের অনুভূতি বা উপলব্ধি ছাড়াই দিকদর্শন করাটাই মানুষের পক্ষে অসম্ভব।মানুষের অসাধ্য সাধনায় পৃথিবীর সবকিছুই সম্ভব। তাই সমস্ত জীবকুলের বিশ্বজুড়ে মানুষই হচ্ছে শ্রেষ্ঠ বুদ্ধিমান।আর সেই কারণেই একটি প্রবাদ বাক্য আজও চিরন্তন সত্যের মতো কাজ করে চলেছে, যে যায় লঙ্কায়, সে হয় রাবণ।আর এই অত্যাচারীরা রাবনরা আমাকে ছোট থেকে অত্যাচার, অবিচার, অনাচার , কিনা করেনি! তবুও আমার কলমকে স্তব্ধ করতে পারিনি। সবকিছু মায়ের আশীর্বাদ, বহু প্রাচীন কাল হইতে তপশিলি জাতি ও উপজাতিরা ধরিত্রী কে মাতৃরূপে পূজা করে এসেছে। পৃথিবী কে তারা মারুপের স্থান

**ক্রমশঃ**

**(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)**

(২ পাতার পর)

## হাইকোর্টের বিচারপতির নগদকাণ্ডে বড় পদক্ষেপ! সামনে আসবে 'বেহিসেবি টাকা'র উৎস?

পান। খবর চাউর হতেই পুলিশের জেরার মুখে পড়েন বিচারপতির পরিবারের সদস্যরা। যদিও তাঁরা কেউই কোনও সদুত্তর দিতে পারেননি।

অন্যদিকে এই ঘটনা প্রকাশ্যে আসতেই প্রশ্নের মুখে পড়ে বিচারপতি যশবন্ত বর্মার ভূমিকা। জানা যাচ্ছে, এই নগদকাণ্ডে এখনও পর্যন্ত জাস্টিস বর্মা তদন্তকারী আধিকারিকদের যথাযথ তথ্য দিতে পারেননি। খোদ দিল্লি হাইকোর্টের বিচারপতির বাড়ি থেকে টাকা উদ্ধারের ঘটনায় স্বাভাবিকভাবেই শোরগোল পড়ে যায় দেশজুড়ে।

তিন সদস্যের তদন্ত কমিটিতে রয়েছেন পাঞ্জাব ও হরিয়ানা হাই কোর্টের প্রধান বিচারপতি শীল নাগু, হিমাচল প্রদেশ হাই কোর্টের প্রধান বিচারপতি জিএস সান্ধাওয়ালিয়া এবং কর্নাটক হাই কোর্টের প্রধান বিচারপতি অনু শিবরমন। অন্যদিকে এই কাণ্ডে তদন্তের নির্দেশ দিয়েছেন দিল্লি হাই কোর্টের প্রধান বিচারপতিও। আদালতের তরফে সেই রিপোর্টও খতিয়ে দেখা হবে। তবে বিষয়টির নিষ্পত্তি না হওয়া পর্যন্ত বিচারপতি বর্মাকে বিচার প্রক্রিয়া থেকে দূরে থাকার নির্দেশ দেওয়া হয়েছে।

## ন্যায় কর্মফলদাতা শনিদেব



**-: মৃত্যুঞ্জয় সরদার :-**

যদি কোনও ব্যক্তি অজ্ঞানতাবশত পাপ করে তাহলে শনিদেব ক্ষমা করে পাপকারীর অজ্ঞাতেই তাকে সুকর্মের প্রতি পরিচালিত করেন। তিনি হচ্ছে ন্যায় কর্ম প্রতিষ্ঠাতা, তিনি কর্মফলদাতা ন্যায় কর্ম যিনি করেছেন তা না প্রতিদিনই খুশি হয়েছেন ।

**ক্রমশঃ**


## • সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# বাংলার মানুষের চেয়ে নিজের বিলাসিতাকে বেশি প্রাধান্য দেন মমতা'! হাওড়াকাণ্ডে বিস্ফোরক সুকান্ত

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

শনিবার রাতেই লন্ডনের উদ্দেশে রওনা দিয়েছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় । আআজ দুপুর ১২:৩০ নাগাদ (ভারতীয় সময় অনুযায়ী) সেখানে পৌঁছন তিনি। এই সফরে ঠাসা কর্মসূচি রয়েছে মুখ্যমন্ত্রীর। এই আবহে তাঁকে ও রাজ্যের শাসকদলকে আক্রমণ শানালেন বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার। সুকান্তর দাবি, বছরের পর বছর ধরে বাংলার মানুষের থেকে নিজের বিলাসিতাকে বেশি প্রাধান্য দিয়েছেন মমতা বন্দ্যোপাধ্যায়। গরিব ও অসহায় পরিবারগুলি ভুগছে, এদিকে বিলাসবহুল বিদেশ সফর উপভোগ করছেন মুখ্যমন্ত্রী! বিজেপির রাজ্য সভাপতির প্রশ্ন, 'বাংলা আর কতদিন এই নিষ্ক্রিয়তা আর দুর্নীতির কবলে ভুগবে? ত্রাণকর্তা হওয়ার আড়ালে আর কতদিন মানুষের সঙ্গে বিশ্বাসঘাতকতা করবেন মমতা বন্দ্যোপাধ্যায়? এটা শুধুমাত্র ব্যর্থতা নয়- এটা অপরাধমূলক অবহেলা! বাংলা উত্তর পাওয়ার যোগ্য!'এদিন সকালে নিজের এক্স হ্যান্ডেলে (সাবেক টুইটার) একটি



ভিডিও শেয়ার করেন বালুরঘাটের বিজেপি সাংসদ। সেখানে হাওড়ার বেলগাছিয়ার চিত্র তুলে ধরেন তিনি। সম্প্রতি সেখানে পাইপলাইন ফেটে বিপর্যয় ঘটেছে। স্থানীয়দের অভিযোগ, দীর্ঘদিন কোনও নজরদারি চলেনি। চারদিন হয়ে গেলেও বহু পরিবার বিদ্যুৎ ও জলহীন অবস্থায় দিন কাটাচ্ছেন। এবার এই নিয়ে সরব হলেন বিজেপির রাজ্য সভাপতি তথা কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার।বালুরঘাটের সাংসদ এদিন লেখেন, 'ব্যর্থ মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় যখন বিলাসবহুল বিদেশ সফরে ব্যস্ত, তখন তাঁর কার্যালয় নবান্নের অদূরে হাওড়া বেলগাছিয়ায় হাজার হাজার মানুষ ভূমি অবনমনের কারণে ঘরছাড়া। পুরো এলাকা ধসে পড়ছে, বাড়িঘর ধ্বংস হচ্ছে, এখন বিষাক্ত মিথেন গ্যাস ছড়াতে শুরু করেছে। পরিবারগুলি রাস্তায় নেমেছে, বেঁচে থাকার লড়াই করছে'।

সুকান্ত দাবি করেছেন, এই প্রথম নয়! বাংলার মানুষ আগেও এমন বিপর্যয়ের সম্মুখীন হয়েছেন। তা সত্ত্বেও মমতা বন্দ্যোপাধ্যায়ের 'জনবিরোধী সরকার' এই ধরণের বিপর্যয় ঠেকাতে কোনও পদক্ষেপ নেয়নি। কেন? সেই উত্তরও দিয়েছেন বিজেপি নেতা। লিখেছেন, 'কারণ তৃণমূলের দুর্নীতিগ্রস্ত নেতারা সিন্ডিকেটের টাকায় নিজেদের পকেট ভরতে ব্যস্ত! মানুষের জীবন রক্ষার বদলে তাঁরা অবৈধ ব্যবসা চালিয়ে যাচ্ছে এবং জনগণের টাকা লুঠ করছে'।

বিজেপির রাজ্য সভাপতি লিখেছেন, 'এখন হাজার হাজার মানুষ নিজেদের সর্বস্ব খুইয়ে ফেলার পর সরকার কাজ করার ভান করছে। মানুষের যখন তাঁকে সবচেয়ে বেশি দরকার ছিল, তখন মমতা বন্দ্যোপাধ্যায়ের চিন্তা কোথায় ছিল? তথাকথিত তৃণমূল নেতারা কোথায় ছিলেন যখন প্রাথমিক পদক্ষেপ ঘর ও জীবন বাঁচাতে পারতো?'

(৩ পাতার পর)

## 'কে কী চেয়ারে বসবে, সেটা তো আমরা ঠিক করে দেব, আসল.', সব বলে দিলেন ত্বহা সিদ্দিকী

জানে। তারা এগুলোর মূল্য দেয় বলে মনে হয় না।"ত্বহা সিদ্দিকী বলেন, "একটা জিনিস আমি বলি, শুভেন্দু অধিকারী কী করছেন, মমতা বন্দ্যোপাধ্যায় কী করছেন, অধীর চৌধুরী কী করছেন, এটা বাংলার মানুষ দেখবেন না।আমাদের যে কোটি কোটি ভক্ত রয়েছে, তাঁদের একটা নির্দেশ দিচ্ছি, যারা মানুষের পাশে থাকবে, যারা উন্নয়ন করবে, যারা সাম্প্রদায়িকতার বিরুদ্ধে গর্জে উঠবে, তাদের পাশে আমরা ছিলাম, থাকব।"

বিধানসভার বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী ও ভরতপুরের তৃণমূল বিধায়ক হুমায়ুন কবীরের নাম নিয়ে ত্বহা সিদ্দিকী বলেন, "হুমায়ুন কবীর ও শুভেন্দু অধিকারী রাজনৈতিক ব্যক্তিত্ব। তাঁরা কে কী বলছেন, তাঁদের ছেঁড়াছেঁড়ি করতে দিন। আসল মাল তো আমরা। ওরা দু'জনে কে কী চেয়ারে বসবে, সেটা তো আমরা ঠিক করে দেব। শেষে সিদ্ধান্ত আমরা নেব, কে চেয়ারে বসবে। আমরা ভাল মানুষ বেছে নেব।"

শুধু শুভেন্দু, হুমায়ুনকে নিয়ে মন্তব্য নয়। গত কয়েকদিনে ত্বহা সিদ্দিকীর একের পর এক মন্তব্যে বিতর্ক বেধেছে। কয়েকদিন আগে ফুরফুরা শরিফে গিয়েছিলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। ওইদিন ফুরফুরা শরিফে ইফতারে মমতার পাশে দেখা গিয়েছিল ফুরফুরা শরিফের পীরজাদা কাশেম সিদ্দিকীকে। পরদিন পার্ক সার্কাসেও ইফতারে মমতার পাশে ছিলেন কাশেম। সেইসময় ত্বহা বলেছিলেন, "আমার মনে হচ্ছে নওশাদকে (ভাঙড়ে আইএসএফ বিধায়ক নওশাদ সিদ্দিকী) মমতা বন্দ্যোপাধ্যায়ের কথা শুনতে হবে। যা বলবেন মমতা বন্দ্যোপাধ্যায় তাই শুনতে হবে। আর যদি না শোনে আমার মনে হচ্ছে পীর সাহেব পরিবারের কোনও একজনকে ভাঙড়েই দাঁড় করাবেন উনি।" একইসঙ্গে তিনি অভিযোগ করেছিলেন, ফুরফুরা শরিফ নিয়ে বড় রাজনৈতিক ষড়যন্ত্র চলছে।



### আপাতকালীন পরিষেবা তালিকাসূচী

**Emergency Contacts**
Ambulance - 102
Ambulance (Bandhumahal Club) - 9735697689
Child Line – 112
Canning PS - 03218-255221
FIRE - 9064495235

**Contacts of Hospital, Nursing Home & Doctors**
Canning S.D Hospital - 03218-255352
Dipanjan Nursing Home - 03218-255691
Green View Nursing Home - 03218-255550
A.K.Moolal Nursing Home - 03218-315247
Binapani Nursing Home - 9732545652
Nazat Nursing Home, Taldi - 9143032199
Welcome Nursing Home - 9733593488
Dr. Bikash Sapui - 03218-255269
Dr. Biren Mondal - 03218-255247
Dr Arun Dulal Paul - 03218 - (Cham) 253219, (Re) 255548
Dr. Phani Bhusan Das - 03218 - 255364, (Cham) 255264
Dr. A.K. Bhartacherjee - 03218-255518
Dr. Lokenath Sa - 03218-255660

**Administrative Contacts**
SP Office - 033-24330010
SDO Office - 03218-255340
SDPO Office - 03218-285398
BDO Office - 03218-255205

**Contacts of Railway Stations & Banks**
Canning Railway Station - 03218-255275
SBI (Canning Town) - 03218-255216,255218
PNB (Canning Town) - 03218-255231
Mahila Co-operative Bank - 03218-255134
WB State Co-operative - 03218-255239
Bandhan Bank - Mob. No. 7596012991
Axix Bank - 03218-255352
Bank of Boroda, Canning - 03218-257888
ICICI Bank, Canning - 03218-255206
HDFC Bank, Canning Hos. More - 9088107808
Bank of India, Canning - 03218 - 245091

### রাত্রিকালীন ঔষধ পরিষেবার তালিকাসূচী (ক্যানিং)

প্রতি মাসের এই তারিখে এই সমস্ত দোকান খোলা থাকবে

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 01 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 02 ভারত মেডিকেল হল | 03 সপ্তা মেডিকেল হল | 04 ভারত মেডিক্যাল হল | 05 ঘোষ মেডিকেল | 06 ঔষধ ঘর |
| 07 আরোগ্য মেডিক্যাল | 08 মেডিকেয়ার ফার্মেসী | 09 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 10 জীবন জ্যোতি ফার্মেসী | 11 সিনহা মেডিকেল হল | 12 গোকুল ফার্মেসী |
| 13 ঔষধ ঘর | 14 সৌভিক ফার্মেসি | 15 নির্মলা মেডিকেল হল | 16 মাতৃ ফার্মেসী | 17 ইউনিক ফার্মেসী | 18 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি |
| 19 ঘোষ মেডিকেল | 20 সৌভিক ফার্মেসি | 21 আরোগ্য মেডিকেল | 22 মেডিকেয়ার ফার্মেসী | 23 শোভা মেডিকেল হল | 24 প্রমিলা মেডিকেল কর্নার |
| 25 সিনহা মেডিকেল হল | 26 ঘোষ মেডিকেল | 27 মাতৃ ফার্মেসী | 28 সৌভিক ফার্মেসি | 29 নির্মলা মেডিকেল হল | 30 মাতৃ ফার্মেসী |



# অসহায় আত্মসমর্পণে রাজি নই'! আইনি পথ বেছে নিলেন পরমব্রত, অনির্বাণরা! হঠাৎ কী হল?

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**



টলিপাড়ার অতি পরিচিত তিন মুখ। এবার তাঁরাই আইনি পথ বেছে নিলেন। এখানে কথা হচ্ছে, পরমব্রত চট্টোপাধ্যায় , অনির্বাণ ভট্টাচার্য এবং ইন্দ্রনীল রায়চৌধুরীর। সম্প্রতি কলকাতা হাইকোর্টের হস্তক্ষেপ চেয়ে একটি রিট পিটিশন ফাইল করেছিলেন ডিরেক্টরস অ্যাসোসিয়েশন অফ ইস্টার্ন ইন্ডিয়ার সদস্য পরিচালক বিদুলা ভট্টাচার্য।এমতাবস্থায় পরিচালক বিদুলা ভট্টাচার্য এককভাবে যে 'সাহস' দেখিয়েছেন তাকে সাধুবাদ জানিয়েছেন পরমব্রত, অনির্বাণ, ইন্দ্রনীল। তাঁরা জানিয়েছেন, 'তিনি নিজের কাজের নিরাপত্তার কথা ভাবেননি। সংগঠনের বেশিরভাগ সদস্যের মনের আকাঙ্ক্ষা নিজের ব্যক্তিগত ঝুঁকিতে প্রকাশ করেছেন। অন্য কারোর কথা বলতে পারি না। আমরা তিনজন সিদ্ধান্ত নিয়েছি এই আইনি লড়াইয়ে আমরা তার পাশে সক্রিয়ভাবে থাকব। আইনের পথ ছাড়া এই মুহূর্তে এই সমস্যার মোকাবিলা করার আর কোনও সমাধান আমাদের চোখে পড়ছে না। বাকি যা পড়ে রয়েছে তা অসহায় আত্মসমর্পণ। যেটা আমরা কেউ ব্যক্তিগতভাবে করতে রাজি নই'।

পরমব্রতরা জানিয়েছেন তাঁরা তিনজন ব্যক্তিগতভাবে হাইকোর্টের দ্বারস্থ হওয়া পরিচালক বিদুলার মতোই আইনি সমাধানের পথে চলবেন। তাঁদের এই সিদ্ধান্তের কোনও দায়িত্ব সংগঠন অথবা তার সদস্যদের নেই। তবে কেউ নৈতিক কারণে ব্যক্তি হিসেবে তাঁদের এই লড়াইয়ে যোগ দিতে চাইলে তাঁকে স্বাগত জানানো হবে বলে জানিয়েছেন পরমব্রত, অনির্বাণ, ইন্দ্রনীল।বিচারপতি অমৃতা সিনহা তার শুনানিও করেন। এবার ওই একই পথে হাঁটতে চলেছেন পরমব্রত, অনির্বাণরা।

উচ্চ আদালতে রিট পিটিশন দাখিল করা নিয়ে একটি সংবাদমাধ্যমের কাছে পরিচালক বিদুলা বলেছিলেন, 'আমি ফেডারেশনের বেশ কিছু নিয়মের বিরুদ্ধে। বদল আনতে একাধিকবার কমিটি তৈরির প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল, সেটাও হয়নি। আমি একজন ইনডিপেনডেন্ট ফিল্মমেকার। আমার পিছনে বড় প্রযোজক থাকে না। কিন্তু তাই বলে, ছোট ক্রু, পছন্দসই কলাকুশলীদের নিয়ে কাজ করতে পারব না? আমার মতো পরিচালকদের ওপর জোর করে লোকজন চাপানো হতে পারে না। এসবের বিরুদ্ধেই উচ্চ আদালতে পিটিশন দাখিল করি'।

বৃহস্পতিবার হাইকোর্টের (Calcutta High Court) বিচারপতি অমৃতা সিনহা এই পিটিশনের শুনানি করেছেন। সেদিনই ফেডারেশনের সভাপতি স্বরূপ বিশ্বাসের উদ্দেশে তিনি নির্দেশ দেন, কোনওভাবেই যেন পরিচালক বিদুলা ভট্টাচার্যের কাজে বাধা না দেওয়া হয়।

সেদিনের শুনানিতেই রাজ্য জানায় কোনও কমিটি তৈরি করা হয়নি। তার প্রেক্ষিতে রাজ্য কর্তৃপক্ষকে F C T W E I - এর বিরুদ্ধে অভিযোগের বিষয়ে কী পদক্ষেপ নেওয়া হয়েছে সেটা আদালতকে জানানোর নির্দেশ দেওয়া হয় (Calcutta High Court)। হাইকোর্টের এই রায়ে আপাতত খানিকটা স্বস্তিতে ডিরেক্টরস অ্যাসোসিয়েশন অফ ইস্টার্ন ইন্ডিয়ার বাকি সদস্যরা। এবার বিদুলা ভট্টাচার্যের এই সাহসী পদক্ষেপকে সাধুবাদ জানিয়ে আইনি পথে হাঁটার সিদ্ধান্ত নিলেন অনির্বাণ, পরমব্রত, ইন্দ্রনীল।

ডিরেক্টরস অ্যাসোসিয়েশন অফ ইস্টার্ন ইন্ডিয়ার সদস্যদের উদ্দেশে এই তিনজনের লিখিত বক্তব্য একটি সংবাদমাধ্যমের হতে এসেছে। সেখানে লেখা রয়েছে, 'এই বক্তব্য আমাদের তিনজনের। ব্যক্তিগতভাবে আমরা কিছু সিদ্ধান্ত নিয়েছি। যা আমাদের বাকি সদস্যদের জানানো দরকার বলে মনে হয়েছে। গত বছর জুলাই থেকে ঘটে যাওয়া নানান ঘটনার সাক্ষী আমরা সবাই। কী হয়েছে সেটার বিবরণে আমরা যাচ্ছি না। আমরা সবাই আমাদের মতো করে তা দেখেছি। আমরা তিনজনেই ব্যক্তিগতভাবে এই প্রক্রিয়ার অংশ ছিলাম'।

পরমব্রত, অনির্বাণ, ইন্দ্রনীল জানিয়েছেন, 'যা ঘটেছে ও যেভাবে ঘটেছে সবকিছু যে আকাঙ্ক্ষিত ও প্রত্যাশিত ছিল তা নয়। বহু সময়ই নানান কারণে পিছু হটতে হয়েছে। কখনও কৌশলগত কারণে, কখনও সংগঠনের সদস্যদের দাবির কথা মাথায় রেখে। আমাদের কিছু সহযোগী সদস্যদেরও আচরণ হয়তো কাউকে দুঃখ দিয়ে থাকতে পারে। তার ন্যায্যতাও আমরা স্বীকার করছি। বৃহত্তর বাস্তবতার কথা মাথায় রেখে শেষ দিন অবধি আমরা চেয়েছিলাম যাতে শান্তিপূর্ণ আলোচনার মাধ্যমে একটা গ্রহণযোগ্য সমাধানে আসা যায়। ফেডারেশন কর্তৃপক্ষের তরফ থেকে পরিষ্কার জানানো হয়েছে, কোনও অবস্থাতেই তারা কোনও আলোচনায় যেতে চান না'।

পরমব্রতরা জানিয়েছেন, ইতিমধ্যেই একটি নতুন সংগঠনও তৈরি হয়ে উঠেছে। তাঁদের কথায়, 'আমাদের একাধিক সদস্য সেখানে যাওয়ার সিদ্ধান্ত নিয়েছেন কিংবা হয়তো সেখানে যাওয়ার কথা ভাবছেন। কারোর সিদ্ধান্ত নিয়েই আমাদের কোনও বক্তব্য নেই। তবে উপস্থিত অবস্থায় আমাদের মনে হয়েছে আমাদের ব্যক্তিগতভাবে কিছু স্পষ্ট অবস্থান নেওয়া আশু দরকার'।

এমতাবস্থায় পরিচালক বিদুলা ভট্টাচার্য এককভাবে যে 'সাহস' দেখিয়েছেন তাকে সাধুবাদ জানিয়েছেন পরমব্রত, অনির্বাণ, ইন্দ্রনীল। তাঁরা জানিয়েছেন, 'তিনি নিজের কাজের নিরাপত্তার কথা ভাবেননি। সংগঠনের বেশিরভাগ সদস্যের মনের আকাঙ্ক্ষা নিজের ব্যক্তিগত ঝুঁকিতে প্রকাশ করেছেন। অন্য কারোর কথা বলতে পারি না। আমরা তিনজন সিদ্ধান্ত নিয়েছি এই আইনি লড়াইয়ে আমরা তার পাশে সক্রিয়ভাবে থাকব। আইনের পথ ছাড়া এই মুহূর্তে এই সমস্যার মোকাবিলা করার আর কোনও সমাধান আমাদের চোখে পড়ছে না। বাকি যা পড়ে রয়েছে তা অসহায় আত্মসমর্পণ। যেটা আমরা কেউ ব্যক্তিগতভাবে করতে রাজি নই'।

# সিনেমার খবর

## রণবীরের সঙ্গে কেন ভেঙেছিল আনুশকার সম্পর্ক?

স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন

একসময় লোকে ধরেই নিয়েছিল যে আনুশকা যদি বিয়ে করেন, তাহলে রণবীর সিংকেই করবেন। কেননা বলিউডে পা রেখে রণবীরকেই প্রথম সিরিয়াস ডেট করেন আনুশকা। অন্যদিকে, রণবীরও কিন্তু এই প্রেমটা নিয়ে বেশ সিরিয়াস ছিলেন। কিন্তু হঠাৎই গন্ডগোল বাঁধে। রণবীর মন দেন নতুন নায়িকার দিকে। এতে করে সিঙ্গেল হয়ে যান আনুশকা। তবে ততদিনে আনুশকাকে মন দিয়ে ফেলেন বিরাট কোহলি। তাই রণবীরকে ছাড়ার পর বেশিদিন একা থাকতে হয়নি থাকে। কিন্তু জানেন কি কোহলির সঙ্গে প্রেমে থেকেও রণবীরের সঙ্গে মালদ্বীপে উড়ে গিয়েছিলেন আনুশকা?



ব্যাপারটা একটু খোলসা করে বলা যাক। রণবীর তখন দীপিকা পাড়ুকোনের প্রেমে মগ্ন। অন্যদিকে কোহলির সঙ্গে একান্তে সময় কাটাচ্ছেন আনুশকা। হঠাৎই শোনা গেল বিচ্ছেদ হয়েও ফের একই ফ্রেমে দেখা যাবে আনুশকা ও রণবীরকে।

সত্যিই এক সিনেমার শুটিংয়ের জন্য মালদ্বীপে রওনা হলেন তারা। শুটিংও শুরু হলো। মালদ্বীপের নীল সমুদ্রের জলে অন্তরঙ্গ হয়ে রণবীর-আনুশকার একটি গান শুট হয়েছিল। যার বেশ কিছু দৃশ্য সোশাল মিডিয়াতে ভাইরালও হয়েছিল। গসিপ ম্যাগাজিনে এসেছিল, সেই ছবি দেখে নাকি বেশ অসন্তুষ্ট হয়েছিলেন কোহলি। ফোনও নাকি করেছিলেন আনুশকাকে।

তবে কাজের খাতিরে রণবীরের সঙ্গে এ রকম দৃশ্যে অভিনয় করার বিষয়টি কোহলিকে বোঝাতে সক্ষম হন আনুশকা। তবে এখানেই কাহিনীতে টুইস্ট। হঠাৎই সিনেমার শুটিং বন্ধ। অজানা কারণেই সিনেমা বন্ধ করে দেন প্রযোজক।


শোনা যায়, রণবীরের সঙ্গে পারিশ্রমিক নিয়ে গন্ডগোল হওয়ার ফলেই নাকি মাঝপথেই বন্ধ হয় সিনেমার শুটিং। আনুশকা ফের ফিরে যান বিরাটের কাছে। আর রণবীর মন দেন দীপিকাকে।

## ৬০ বছরে নতুন প্রেমিকার সঙ্গে পরিচয় করালেন আমির খান

স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন

বলিউডের মিস্টার পারফেক্টশনিস্ট ৬০ বছর পূর্ণ করেছেন আমির খান। জন্মদিনের এক ঘরোয়া সেলিব্রেশনের আয়োজন করে মুম্বাইয়ের পাপারাৎজি পরিবার। আর সেখানেই নতুন প্রেমিকার সঙ্গে আলাপ করিয়ে দেন আমির। যদিও পাপারাৎজিকে তিনি অনুরোধ জানান, যেন প্রেমিকার ছবি তোলা না হয়। কী করেন আমিরের প্রেমিকা?

ভারতীয় গণমাধ্যম জানিয়েছে, আমিরের প্রেমিকার নাম গৌরী স্প্রাট। তিনি একজন অ্যাংলো ইন্ডিয়ান। তার বাবা তামিল-ব্রিটিশ। মা পাঞ্জাবি-আইরিশ।




গৌরী স্প্রাট ও আমির খান।

যদিও নিজেকে ভারতীয় বলতেই পছন্দ করেন গৌরী।আমির খানের প্রযোজনা সংস্থার সঙ্গেই যুক্ত গৌরী। প্রায় দেড় বছর ধরে প্রেম করছেন আমির ও গৌরী। লন্ডন থেকে পড়াশোনা করেছেন। তুতো বোনের মাধ্যমেই এই গৌরীর সঙ্গে আলাপ হয় আমিরের। সেটাও ২৫ বছর আগে।

জানা যায়, আমিরের পরিবারের সঙ্গেও বেশ ভালই সম্পর্ক গৌরীর। ছেলেমেয়েরাও ভাল ভাবেই গ্রহণ করেছেন তাকে। তার নিজেরও এক ছেলে রয়েছে। এ দিন জন্মদিন উপলক্ষে আমিরের বাড়িতে যে পার্টির আয়োজন হয়, সেখানেও হাজির ছিলেন গৌরী। উল্লেখ্য, ২০২১ সালে আমির খান ও কিরণ রাও বিবাহবিচ্ছেদের ঘোষণা করেন। কিরণের আগে রীনা দত্তকে বিয়ে করেছিলেন আমির। এই সুপারস্টারের দুই সংসারে তিন ছেলে মেয়ে রয়েছে। যাদের মধ্যে এরই মধ্যে বড় ছেলে জুনাইদ খানের বলিউডে অভিষেক হয়েছে।

## কাজলের কাকা অভিনেতা দেব মুখোপাধ্যায়ের মৃত্যু



স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন

হোলির দিনই রানি ও কাজলের পরিবারে দুঃসংবাদ। অভিনেত্রীর কাকা এবং হিন্দি সিনেমার জনপ্রিয় অভিনেতা দেব মুখোপাধ্যায় মারা গেছেন। তার বয়স হয়েছিল ৮৩।

অভিনেতা দেবের আরেকটি পরিচয়ও রয়েছে। তিনি বলিউডের জনপ্রিয় পরিচালক অয়ন মুখোপাধ্যায়ের বাবা।

ভারতীয় সংবাদ মাধ্যমগুলোর প্রতিবেদন অনুযায়ী, অনেকদিন ধরে বার্ধক্যজনিত নানা শারীরিক সমস্যায় ভুগছিলেন অভিনেতা দেব মুখোপাধ্যায়। ভর্তি ছিলেন মুম্বাইয়ের এক হাসপাতালে। তবে কিছুদিন আগেই হাসপাতাল থেকে ছাড়া পান।

শুক্রবার সকালে নিজের বাড়িতেই শেষ নিশ্বাস ত্যাগ করেন অভিনেতা।

১৯৬৫ সাল থেকে ২০০৯ সাল। প্রায় ২০টি বলিউডি সিনেমায় অভিনয় করেছেন দেব। যার মধ্যে বেশ কিছু ছবি ব্লকবাস্টার। যেমন, অভিনেত্রী, অধিকার, দো আঁখে, ম্যায় তুলসি তেরে আঙ্গন কি, বাতো বাতো মে, জো জিতা ওয়োহি সিকন্দর, দালাল খুবই জনপ্রিয় হয়েছিল। ২০০৯ সালে তাকে শেষ দেখা গিয়েছে, শাহিদ কাপুরের কমিনে সিনেমায়।

মুম্বাইয়ে মুখোপাধ্যায় বাড়ির দুর্গাপুজো খুবই জনপ্রিয়। এই দেব মুখোপাধ্যায়ের বাড়িতেই প্রতিবার নিয়ম মেনে পালিত হয় এই পূজা। পরিবারের দুই কন্যা কাজল, রানি যেমন আসেন, তেমনি এই পুজোতে অংশ নেন বলিউডের তাবড় অভিনেতা, অভিনেত্রীরা।

# ৫২৮ রানের ম্যাচে ৪৪ রানে হারল রাজস্থান



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

আইপিএলে স্বপ্নের মতো শুরু করল সানরাইজার্স হায়দরাবাদ। প্রথম ম্যাচেই রেকর্ড সংগ্রহ থেকে ২ রান কম করেছে তারা। আর পাহাড়সম সেই লক্ষ্য তাড়া করতে নেমে ভালো ব্যাটিং করেও কাছাকাছি পৌঁছাতে পারেনি রাজস্থান রয়্যালস।

রবিবার আসরের দ্বিতীয় ম্যাচে দুই দলের ইনিংসে রান উঠেছে ৫২৮। এমন রানবন্যার ম্যাচে রাজস্থানকে ৪৪ রানে হারিয়েছে হায়দরাবাদ। শুরুতে ব্যাট করে ইশান কিষাণের সেঞ্চুরিতে ২৮৬ রান করে হায়দরাবাদ। জবাব দিতে নেমে ২৪২ রানে থামে রাজস্থানের ইনিংস।

এদিন টস হেরে ব্যাটিংয়ে নেমে শুরুতেই ঝড় তোলেন হায়দরাবাদের দুই ওপেনার ট্রাভিস হেড ও অভিষেক শর্মা। প্রথম ৩ ওভারে দুজনের ব্যাট থেকে আসে ৪৫ রান। চতুর্থ ওভারের প্রথম বলে মহেশ থিকশানার শিকার হয়ে ১১ বলে ২৪ রান করে ফেরেন অভিষেক।

অভিষেকের বিদায়ের পর ইশান কিষানকে নিয়ে ঝোড়ো ব্যাটিং চালিয়ে যান হেড। পাওয়ার প্লে থেকে ৯৪ রান তোলে হায়দরাবাদ।

দলীয় ১৩০ রানে ৩১ বলে ৬৭ রান করে আউট হন হেড। তৃতীয় উইকেটে নিতিশ কুমার রেড্ডী ও ইশান কিষাণ গড়েন ৭২ রানের জুটি। ২০০ পেরোনোর পর থিকশানার শিকার হয়ে ফেরেন রেড্ডী।

শেষদিকে ১৪ বলে ৩৪ রান যোগ করেন হেনরিখ ক্লাসেন। আর অনিকেত ভার্মার ব্যাটে আসে ৭ রান।

এক প্রান্তে নিয়মিত উইকেট পতন ঘটলেও অন্য প্রান্তে বিধ্বংসী ব্যাটিং করে শেষ পর্যন্ত দলকে টেনে নিয়েছেন ইশান। মারকুটে ব্যাটিংয়ে তুলে নিয়েছেন সেঞ্চুরিও। ৪৭ বলে ৬ ছক্কা ও ১১ চারে ১০৬ রানে অপরাজিত থাকেন ইশান। আর তাতে ২৮৬ রানে থামে হায়দরাবাদ।

পাহাড় সমান রান তাড়ায় দ্বিতীয় ওভারেই ছিটকে যায় রাজস্থান। সিমারজিত সিংয়ের ওই ওভারে ওপেনার জসস্বী জয়সওয়াল ও অধিনায়ক রায়ান পরাগের উইকেট হারায় তারা। দলীয় ৫০ রানে সাজঘরে ফেরেন নিতীশ রানাও।

এক প্রান্ত আগলে রেখে ঝড়ো ব্যাটিং করেছেন সানজু স্যামসন। চতুর্থ উইকেটে তাকে সঙ্গ দেন ধ্রুব জুরেল। দুজনে মিলে গড়েন ১১১ রানের বড় জুটি। বিধ্বংসী ব্যাটিং করে দুজনেই তুলে নেন ফিফটি। তবে তা জয়ের জন্য যথেষ্ট ছিল না।

৪ ছক্কা ও ৭ চারে ৩৭ বলে ৬৬ রান করে দলীয় ১৬১ রানে হার্শাল প্যাটেলের বলে আউট হন স্যামসন। পরের ওভারে ৩৫ বলে ৭০ রান করা হার্শালও আউট হন।

শেষদিকে ৮০ রানের দুর্দান্ত এক জুটি গড়েন শুভম দুবে ও শিমরন হেটমায়ার। তবে সেই জুটি কেবল জয়ের ব্যবধানই কমিয়েছে। ৪ ছক্কা ও ১ চারে ১১ বলে ৩৪ রান করে অপরাজিত ছিলেন দুবে। ২৩ বলে ৪২ রান করে ইনিংসের ১ বল বাকি থাকতে আউট হন হেটমায়ার।

হায়দরাবাদের হয়ে দুটি করে উইকেট নিয়েছেন হার্শাল প্যাটেল ও সিমারজিত সিং।

## অস্ট্রেলিয়ার সাবেক অধিনায়কের দুই বছরের কারাদণ্ডাদেশ



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

ফরাসি ক্লাব নারবোনের সভাপতি থাকাকালীন কর্পোরেট সম্পদের অপব্যবহারের অভিযোগে দোষী সাব্যস্ত হওয়ায় অস্ট্রেলিয়ার সাবেক রাগবি ইউনিয়ন অধিনায়ক রকি এলসমকে দুই বছরের কারাদণ্ডাদেশ দেওয়া হয়েছে।

৪২ বছর বয়সী এই খেলোয়াড়কে এক লাখ ইউরো জরিমানাও করেছে ফরাসি আদালত, যার অর্ধেক অর্থ স্থগিত করা হয়েছে।

শুক্রবার তার অনুপস্থিতিতে এ রায় ঘোষণা করেন আদালত।

তাকে গ্রেফতারের জন্য একটি আন্তর্জাতিক পরোয়ানা জারি করা হয়েছে। তবে তার অবস্থান অজানা।

এলসম দেশের হয়ে ৭৫টি খেলায় অংশ নেন। ২০০৯ সালে লেইনস্টারের হয়ে হাইনেকেন কাপও জিতেছিলেন। ২০১৫-১৬ সালে ফ্রান্সের দক্ষিণাঞ্চল ক্লাবের দায়িত্ব গ্রহণ করেন। এর আগে, তিনি নিজের বিরুদ্ধে ওঠা সব অভিযোগ অস্বীকার করেন।

২০২৪ সালের অক্টোবরে তাকে প্রাথমিকভাবে পাঁচ বছরের কারাদণ্ড দেওয়া হয়েছিল। কিন্তু আপিলের পর পুনরায় বিচার করা হয়।

মূলত সেই সময় এলসমকে জালিয়াতি এবং কর্পোরেট সম্পদের অপব্যবহারের জন্য দোষী সাব্যস্ত করা হয়।

এ বছর বিচারকার্য থেকে তার বিরুদ্ধে ওঠা জালিয়াতির অভিযোগ বাতিল করা হয়। তবে, সাবেক ক্লাবের লিকুইডেটরকে ২ লাখ ১৯ হাজার ক্ষতিপূরণ দিতে হবে।

এলসমের জন্য তিন বছরের কারাদণ্ড এবং ৬ লাখ ৩০ হাজার ইউরো জরিমানা চেয়েছিলেন পাবলিক প্রসিকিউটর।

এলসম ২০২৪ সালের আগস্ট থেকে আয়ারল্যান্ডে বসবাস করছিলেন। কিন্তু গত বছর তার বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি হওয়ার পর সেখান থেকে পালিয়ে যান।

## নূর জাদুতে মুম্বাইকে ১৫৫ রানে বেঁধে ফেলল চেন্নাই

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

আইপিএলে নিজেদের প্রথম ম্যাচে নূর আহমেদের স্পিন জাদু ও খলিল আহমেদের দুর্দান্ত বোলিংয়ে মুম্বাই ইন্ডিয়ান্সকে ১৫৫ রানে বেঁধে ফেলল চেন্নাই সুপার কিংস।

রবিবার চেন্নাইয়ের চিপাক স্টেডিয়ামে টস জিতে শুরুতে মুম্বাইকে ব্যাটিংয়ের আমন্ত্রণ জানায় চেন্নাই। আগে ব্যাট করতে নেমে নির্ধারিত ২০ ওভারে ৯ উইকেট হারিয়ে ১৫৫ রান করে মুম্বাই ইন্ডিয়ান্স। সর্বোচ্চ রান ৩১ করেছেন মুম্বাইয়ের মিডল অর্ডার ব্যাটার তিলক ভার্মা।

শুরু থেকেই আগুনে বোলিং করতে থাকেন চেন্নাইয়ের দলের পেসাররা। প্রথম ওভারের চতুর্থ বলেই শূন্য রান আউট হন রোহিত শর্মা। সেই ধাক্কা সামাল দেওয়ার আগে খলিল আহমেদের বলে সাজঘরে ফেরেন রায়ান রিকেলটনও। তিনি করেন ৭ বল ১৩ রান। উইল জ্যাকসও দলের প্রয়োজনে ব্যাট হাতে জ্বলে উঠতে পারেননি। রবিচন্দ্রন অশ্বিনের বলে শিভম দুবের হাতে ক্যাচ দিয়ে ফেরেন তিনি। আউট হওয়ার আগে করেন ৭ বলে ১১।

চতুর্থ উইকেটে দলকে বিপর্যয় থেকে টেনে তোলার চেষ্টা চালান মুম্বাই অধিনায়ক সূর্যকুমার যাদব ও তিলক ভার্মা। দুজনে ৫১ রান যোগ করেন। ১১তম ওভারে বল করতে এসে সূর্যকে ফিরিয়ে জুটি ভাঙেন আফগান বোলার নূর আহমদ। নিজের পরের ওভারে বল করতে এসে ফের মুম্বাইকে জোড়া ধাক্কা




দেন তিনি। চতুর্থ বলে ব্যক্তিগত ৩ রানে ফেরান রবিন মিনজকে। শেষ বলে তিলক ভার্মার উইকেট নেন। আউট হওয়ার আগে দলের হয়ে সর্বোচ্চ ৩১ করেন তিলক। এতে ১০০ রানের আগে ৬ উইকেট হারিয়ে চরম বিপর্যয়ে পড়ে মুম্বাই।

নিজের শেষ ওভারে বল করতে এসে নামান ধীরের স্ট্যাম্প উড়িয়ে দেন নূর আহমদ। ১২ বলে ১৭ রান করেন নামান। পরের ওভারে মিচেল স্যান্টনারকে (১১) প্যাভিলিয়নের পথ দেখান নাথান এলিস। ১৯তম ওভারে ট্রেন্ট বোল্টকে (১) ফেরান খলিল আমেদ। ৯ নম্বরে ব্যাট করতে নামা দীপক চাহার শেষের দিকে চালিয়ে খেলে দলকে ১৫০ রান পার করে মুম্বাই। ১৫ বলে ২৮ রানে অপরাজিত থাকেন খলিল।

চেন্নাইয়ের হয়ে নূর আহমদ ৪ ওভার বল করে ১৮ রানে চার উইকেট নিয়েছেন। আর খলিল আহমেদ নিজের ৪ ওভারে ২৯ রান দিয়ে ঝুলিতে পুরেছেন ৩ উইকেট।

● স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুণ্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ● সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৮৩৮২০৩১
● Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR ● Printed by Queen Press - Hedia, P.O. : Uttar Moukhali,P.S. : Jibantala, Dist. : South 24 Parganas, Pin : 743329 and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ● Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR